



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

### প্রেস রিলিজ

তারিখ: ২৪.০৪.২০১৭ খ্রি:

## ববি উপাচার্যের সাথে সিন্ডিকেট সদস্য ও বরিশালের বিভাগীয় কমিশনারের বিদায়ী সাক্ষাত

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সাথে অদ্য ২৪ এপ্রিল অপরাহ্নে তাঁর নিজ কার্যালয়ে এক বিদায়ী সাক্ষাতে মিলিত হন ববির সিন্ডিকেট সদস্য ও বরিশালের বিভাগীয় কমিশনার জনাব মো: গাউস। এসময় তাঁরা একে অপরের সাথে পারস্পরিক কুশলাদি বিনিময় করেন। কুশলাদি বিনিময় কালে উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য হিসেবে বিশ্ববিদ্যালয়ের সার্বিক অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করায় মো: গাউস কে ধন্যবাদ জানান। একই সাথে জনাব মো: গাউসও আশা প্রকাশ করেন উপাচার্য মহোদয়ের দক্ষ ও গতিশীল নেতৃত্বে অচিরেই বরিশাল বিশ্ববিদ্যালয় একটি বিশ্বমানের প্রতিষ্ঠানে পরিণত হবে। এসময় আরও উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, ববির সম্মানিত সিন্ডিকেট সদস্যগণের মধ্যে অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন, ড. মো: হাসিনুর রহমান, মো: শফিউল আলম, সুমি রানী সাহা ও রেজিস্ট্রার মো: মনিরুল ইসলাম। উপস্থিত সিন্ডিকেট সদস্যবৃন্দ উপাচার্য মহোদয়ের নেতৃত্বে জনাব মো: গাউস কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়  
([b.university.pro@gmail.com](mailto:b.university.pro@gmail.com))